REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:05-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Signing of an agreement :**

নয়াদিল্লিতে গতকাল কেন্দ্রীয় সরকার, ত্রিপুরা সরকার এবং ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা (এনএলএফটি) ও অল ত্রিপুরা টাইগার ফোর্স (এটিটিএফ)-এর মধ্যে এক শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এনএলএফটি ও এটিটিএফ-কে মূল স্রোতে ফিরে আসার সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন, আজকের শান্তি চুক্তির ফলে ত্রিপুরা শান্তি ও প্রগতির পথে একধাপ এগিয়ে গেলো।

তিনি বলেন, এই শান্তি চুক্তি এই উত্তর-পূর্বাঞ্চলের জন্য দ্বাদশ এবং ত্রিপুরার জন্য তৃতীয় শান্তি চুক্তি। এই শান্তি চুক্তিগুলির মাধ্যমে ইতিমধ্যে প্রায় ১০ হাজার উগ্রবাদী অস্ত্র ত্যাগ করে সমাজের মূল স্রোতে ফিরে এসেছে। এই শান্তি চুক্তির মাধ্যমেও ৩২৮ জনের বেশি এনএলএফটি ও এটিটিএফ-এর সদস্য ও সহযোগীরা মূল স্রোতে ফিরে আসবে। এখন থেকে তারা বিকশিত ত্রিপুরা গঠনের প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, ভারত সরকার উত্তর পূর্বাঞ্চলের জনজাতি গোষ্ঠীর সমাধানে ও এই অঞ্চলের উন্নয়নে ২৫০ কোটি টাকার সংস্থান রেখেছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সমগ্র উত্তর পূর্ব ভারতে শান্তির পরিবেশ তৈরি করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

সমাজের মূল স্রোতে ফিরে এসে উন্নয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য এনএলএফটি এবং এটিটিএফ-এর সিদ্ধান্তে মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

এনএলএফটি-এর পক্ষে শান্তি চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্বমোহন দেববর্মা, উপেন্দ্র রিয়াং, পরিমল দেববর্মা, প্রসেনজিৎ দেববর্মা এবং এটিটিএফ-এর পক্ষে শান্তি চুক্তিতে স্বাক্ষর করেন আলেন্দ্র দেববর্মা। চুক্তি স্বাক্ষরের সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাংসদ বিপ্লব কুমার দেব, এডিসি'র সদস্য প্রদ্যোৎ কিশোর দেববর্মণ, বিধায়ক রঞ্জিত দেববর্মা। তাছাড়া কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন, অতিরিক্ত সচিব পীযূষ গোয়েল, রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা সহ কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

**************

**Assembly:**

বিধানসভায় গতকাল রাজ্যের সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে সরকারী বেসরকারী স্তরে ব্যাপক ক্ষতি ও পর্যাপ্ত ক্ষতিপুরণ সংক্রান্ত এক জরুরী জনস্বার্থ বিষয়ে আলোচনা হয় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী এবং বিধায়ক সুদীপ রায় বর্মনের আনা এই প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ বলেন গত ১৯শে আগস্ট থেকে 23 শে আগস্ট পর্যন্ত রাজ্যে অতিভারী বর্ষণের ফলে এক অভূতপূর্ব ও বিদ্ধংসী বন্যার সৃষ্টি হয় । তিনি বলেন এই পরিস্থিতি থেকে বেয়িয়ে আসতে সদস্যগণ বিধানসভায় গঠনমূলক যে সমস্ত প্রস্তাব দিয়েছেন তা গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে ।

*************

**বন্যা পরিস্থিতি : বিধানসভায় আলোচনা :**

নদীর মধ্যে উত্তর ত্রিপুরা জেলায় ড জুরি নদী ছাড়া 11 টি নদীর জল বিপদসীমার উপর দিয়ে বয়েছিল । বন্যা ও

ভূমিধ্বসে প্রায় সবক্ষেত্রেই ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। রাজ্যের প্রায় 17 লক্ষ্য মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন বলেন অনুমান করা হচ্ছে । ৩ লক্ষ্য ৭০ হাজার মানুষকে নিরাপদ স্থানে ও ত্রাণ শিবিরে সরিয়ে নেওয়া হয়েছিল । রাজ্যজুড়ে ৮২১ টি ত্রাণ শিবিরে খোলা হয়েছিল । এগুলিতে ১ লক্ষ ৪৯ হাজার মানুষ আশ্রয় নিয়েছিলেন । তিনি বলেন, এবারের বন্যার ফলে ভুমিধ্বসে ১৯ জন, জলে ডুবে ১২ জন মাটির দেওয়ালে ধসে ১জন মারা গেছেন । নিখোঁজ রয়েছেন ১ জন এবং আহত হয়েছেন ২ জন । পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ আরও বলেন, বন্যায় ক্ষয়্ক্ষতির পরিমান স্প্রে ১৪ হাজার ২৪৭ কোটি টাকা চূড়ান্ত মুল্যায়নের পর এই ক্ষতির পরিমান আর ও বাড়তে পারে ।আলোচনায় সুশান্ত চৌধুরী প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ তহবিল থেকে বন্যায় মৃত ব্যাক্তিদের নিকট আত্মীয়দের ২ লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়ার ঘোষণা করা হয়েছে । আলোচনা রাখতে গিয়ে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী বন্যা পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে রাজ্য সরকারকে বিভিন্ন প্রস্তাব প্রদান করেন । আলোচনায় বিধায়ক সুদীপ রায় বর্মন বন্যা পরিস্থিতি থেকে রাজ্যকে বেরিয়ে আসতে কেন্দ্র সরকারের পক্ষ থেকে বিশেষ প্যাকেজের ব্যবস্থা, বিপন্নদের সম্পূর্ণ বিনামূল্যে সবকিছু দেওয়ার উদ্যোগ, সুদহীন ঋণ প্রদান এবং নদীগুলির নাব্যতা বৃদ্ধির জন্য উদ্যোগ নেওয়ার প্রস্তাব রাখেন । এছাড়াও এ বিষয় নিয়ে আলোচনা করেন বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক স্বপ্না দেববর্মা, বিধায়ক কিশোর বর্মন, বিধায়ক শ্যামল চক্রবর্তী, বিধায়ক দীপঙ্কর সেন ।

****************

**Teachers Day :**

আজ প্রাক্তন রাষ্ট্রপতি বিশিষ্ট শিক্ষাবিদ সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্ম দিন ।জাতীয় শিক্ষক দিবস । সারা দেশের সাথে রাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় ৬৩তম শিক্ষক দিবস পালন করা হবে।

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে শিক্ষক দিবসের মূল অনুষ্ঠানটি হবে আগরতলা টাউন হলে।আজ  দুপুর ১২টায় অনুষ্ঠানের উদ্বোধন করবেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। এবছর মোট ৩৪ জন শিক্ষক শিক্ষিকাদের শিক্ষক সন্মাননা পুরস্কার প্রদান করা হবে। এ বছর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সন্মান পাচ্ছেন বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ হরেকৃষ্ণ আচার্য, মহারানী তুলসীবতী সন্মান পাচ্ছেন বিশিষ্ট সমাজসেবী দীপক ভট্টাচার্য ও শ্যামাপ্রসাদ মুখার্জী সন্মান পাচ্ছেন বন্দনা চৌধুরী বর্মন। তাছাড়া বিভিন্ন বিদ্যালয়েও শিক্ষক দিবস উদযাপন করা হবে।

******************

**পানিসাগর ডিস্ট্রিক্ট এডুকেশন :**

বিধানসভায় গতকাল বিধায়ক বিনয়্ভূষণ দাসের এক প্রশ্নের উত্তরে শিক্ষাদপ্তর থেকে জানানো হয় পানিসাগর ডিস্ট্রিক্ট এডুকেশন  এন্ড ট্রেনিং (DIET) সেন্টারে D.EI.ED (Diploma in Elementary Education) টিচার ট্রেনিং কোর্স এর ভর্তির কাজ এই  শিক্ষাবর্ষে চালু করা সম্ভব হচ্ছেনা। বিষয়টি National Council For Teacher Education(NCTE) এর অনুমোদনের অপেক্ষায় রয়েছে ।

***********

**Assembly-Kokborok :**

ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তর রাজ্যের সমস্ত বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের একটি ভাষা ম্যাপিং করার জন্য প্রকল্প গ্রহণ করবে। গতকাল  বিধানসভায় বিধায়ক রামপদ জমাতিয়ার এক প্রশ্নের উত্তরে বিভাগীয় মন্ত্রী টিংকু রায় এ কথা জানান। তিনি জানান, ককবরক ভাষাভাষী সরকারি কর্মচারী এবং সাধারণ মানুষের জন্য শীঘ্রই ককবরক লার্নিং কোর্স চালু করা হবে।

****************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে । আজ সকাল পর্যন্ত বৃষ্টি হয়েছে ৫.৮ মিলিমিটার । আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রীর কাছাকাছি ।

*************

********